



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/২৪৯/ঢাকা/২৮২৬

তারিখ : ১৪/০৯/২০২০

বিষয় : শিক্ষা মন্ত্রণালয় বা বোর্ডের অনুমোদন ব্যতিরেকে বিদ্যালয়ের ইআইআইএন ব্যবহার করে জামগড়া, ক্যান্টনমেন্ট, ধামরাই ও ইউসুফ মার্কেট ক্যাম্পাস-সমূহে পাঠদান করায় উক্ত ব্রাঞ্চসমূহে পাঠদানসহ সকল কার্যক্রম বন্ধকরণ প্রসঙ্গে।

সূত্র : তদন্ত কমিটির ১৮/০৮/২০২০ তারিখে দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল রেসিডেন্সিয়াল স্কুল-এর ইআইআইএন ব্যবহার করে শিক্ষা মন্ত্রণালয় বা বোর্ডের অনুমোদন ব্যতিরেকে প্রতিষ্ঠানের বাহিরে জামগড়া ক্যান্টনমেন্ট, ধামরাই ও ইউসুফ মার্কেট নামে বিভিন্ন ব্রাঞ্চ/ক্যাম্পাস খুলে ছাত্র-ছাত্রী ভর্তি, পাঠদান, রেজিস্ট্রেশনকরণ, ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণ করে আসছে। যা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ এবং স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালার পরিপন্থি।

এমতাবস্থায়, টাঙ্গাইল রেসিডেন্সিয়াল স্কুল-এর ইআইআইএন ব্যবহারকৃত উক্ত ব্রাঞ্চ/ক্যাম্পাস সমূহের শিক্ষার্থী ভর্তিসহ যাবতীয় কার্যক্রম বন্ধ করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : (১) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

টাঙ্গাইল রেসিডেন্সিয়াল স্কুল

পোঃ- আলীয়া মাদ্রাসা, উপজেলা- সাভার, জেলা- ঢাকা।

(২) সভাপতি

আবুল হাশেম ফাউন্ডেশন

ইউনিক, বাইপাইল, আশুলিয়া, সাভার, জেলা- ঢাকা।

মেমো নং- ২৮২৬(৮)

তারিখ : ১৪/০৯/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাভার থানা (টাঙ্গাইল রেসিডেন্সিয়াল স্কুল-এর ব্রাঞ্চসমূহ বন্ধের সহযোগীতা করার জন্য)।
- ৭। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

১৪/০৯/২০২০